**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২৩/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ১ আগস্ট ২০১৭, ১৭ শ্রাবণ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। বিদ্যুৎ স্থাপনায় নাশকতার শাস্তি ১০ বছরের জেল ও জরিমানার বিধান রেখে মন্ত্রিসভায় বিদ্যুৎ আইন অনুমোদন

২। তিন বাহিনী প্রধানের চাকরির মেয়াদ ৪ বছর হচ্ছে : মন্ত্রিসভায় অনুমোদন

৩। রাজধানীর খাল উদ্ধারের নির্দেশ প্রধানমন্ত্রীর

৪। শোকাবহ আগস্টের প্রথম দিন আজ : বিভিন্ন সংগঠনের মাসব্যাপী কর্মসূচি ঘোষণা

৫। আগস্টে চাঁদাবাজির খবর পেলেই ব্যবস্থা : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। চিকুনগুনিয়ায় আক্রান্তদের ফিজিওথেরাপি দেবে ডিএসসিসি

৭। বাংলাদেশে নদী দূষণ রোধে কাজ করতে আগ্রহী চীন

৮। পাট রফতানিতে আয় বেড়েছে ৪ শতাংশ

৯। নির্দিষ্ট খাতের গুটিকয়েক মানুষকে ঋণ দেওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে ব্যাংকগুলোকে গভর্নরের নির্দেশ

১০। আজ থেকে ২৪ ঘন্টা খোলা বেনাপোল বন্দর

১১। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ শুরু আজ

চলমান পাতা-২

**১।	বিদ্যুৎ স্থাপনায় নাশকতার শাস্তি ১০ বছরের জেল ও জরিমানার বিধান রেখে মন্ত্রিসভায় বিদ্যুৎ আইন অনুমোদন**

বিদ্যুৎ স্থাপনায় নাশকতার জন্য সর্বোচ্চ দশ বছরের জেল ও দশ কোটি টাকা জরিমানার বিধান রেখে দীর্ঘ ১০৭ বছর পুরনো বিদ্যুৎ আইনের পরিবর্তন আনা হচ্ছে। ব্রিটিশ আমলের তৈরি 'বিদ্যুৎ আইন, ১৯১০'-এর সংস্কার আনছে সরকার। গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'বিদ্যুৎ আইন, ২০১৭' এর অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**২।	তিন বাহিনী প্রধানের চাকরির মেয়াদ ৪ বছর হচ্ছে : মন্ত্রিসভায় অনুমোদন**

সেনা, নৌ ও বিমানবাহিনীর প্রধানের (পদে) চাকরির মেয়াদ সর্বোচ্চ চার বছর নির্ধারণ করে 'প্রতিরক্ষা বাহিনীসমূহের প্রধানদের (নিয়োগ, বেতন, ভাতা এবং অন্যান্য সুবিধা) আইন-২০১৭' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে সরকার। তবে বাহিনী প্রধানদের বেতন ভাতা আগের মতোই থাকছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয় বলে বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**৩।	রাজধানীর খাল উদ্ধারের নির্দেশ প্রধানমন্ত্রীর**

রাজধানীর খাল উদ্ধার করার জন্য স্থানীয় সরকার মন্ত্রীকে নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, প্রয়োজনে বক্স কালভার্টগুলোকেও উন্মুক্ত করে দিতে। যান চলাচলের জন্য বক্স কালভার্টের ওপরে ছোট আকৃতির ওভার পাস তৈরি করা যেতে পারে। এ জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়কে গুরুত্বের সঙ্গে কাজ করার নির্দেশ দেন তিনি। গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় এসব কথা বলেন প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ,১.ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ,১.ক.৬)।

**৪।	শোকাবহ আগস্টের প্রথম দিন আজ : বিভিন্ন সংগঠনের মাসব্যাপী কর্মসূচি ঘোষণা**

শোকাবহ আগস্টের প্রথম দিন আজ। ১৯৭৫ সালের এ মাসেই বাঙালি জাতি হারিয়েছে হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। প্রতিবারের মত এবারও ১৫ আগস্টকে সামনে রেখে প্রথম দিন থেকেই শুরু হচ্ছে আওয়ামী লীগসহ সহযোগী ও ভ্রাতৃপ্রতীম সংগঠনগুলোর মাসব্যাপী কর্মসূচি। এদিন সকালে নগরীর ৩২ নম্বর ধানমন্ডিতে বিভন্ন সংগঠন বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে বঙ্গবন্ধুর প্রতি শ্রদ্ধা জানাবে। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ,১.ক.১),এশিয়ান এজ (পৃ,১.ক.১)।

**৫।	আগস্টে চাঁদাবাজির খবর পেলেই ব্যবস্থা : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

১৫ আগস্ট সামনে রেখে চাঁদাবাজির কোনো খবর পেলেই ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল ৩১ জুলাই সোমবার রাজধানীর কাকরাইলের ইন্সটিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে ঢাকা ট্যাক্স বার অ্যাসোসিয়েশনের অভিষেক অনুষ্ঠানে এ হুশিয়ারি দেন তিনি। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১)।

**৬।	চিকুনগুনিয়ায় আক্রান্তদের ফিজিওথেরাপি দেবে ডিএসসিসি**

রাজধানীতে চিকুনগুনিয়ায় আক্রান্তদের শরীরের অস্বাভাবিক ব্যথার কথা চিন্তা করে বাড়িতে গিয়ে বিনামূল্যে ফিজিওথেরাপি সেবা দেওয়ার ব্যবস্থা করেছে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (ডিএসসিসি)। গতকাল ৩১

জুলাই সোমবার নগর ভবনে মেয়র সাঈদ খোকন বিনামূল্যে ফিজিওথেরাপি সেবা ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এ সেবা প্রদানের জন্য বাংলাদেশ ফিজিওথেরাপি অ্যাসোসিয়েশন এবং স্বাধীনতা ফিজিওথেরাপি পরিষদের চিকিৎসকরা রোগীদের সেবার কাজে নিয়োজিত থাকবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৭), **যুগান্তর** (পৃ.১৮,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৮), **নিউ এজ** (পৃ.১১,ক.৫)।

**৭। বাংলাদেশে নদী দূষণ রোধে কাজ করতে আগ্রহী চীন**

বাংলাদেশের নদীগুলো দূষণ রোধ ও রক্ষায় প্রয়োজনীয় সহযোগিতার জন্য একসঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করেছে চীন সরকার। গতকাল ৩১ জুলাই সোমবার সচিবালয়ে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেনের সাথে চীনের পীত নদী রক্ষা কমিশনের কমিশনার ও ভাইস মিনিস্টার ইউই ঝংমিংয়ের নেতৃত্বে ১১ সদস্যের প্রতিনিধিদলের এক সৌজন্য সাক্ষাতে এই আগ্রহ প্রকাশ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,.ক.৫)।

**৮। পাট রফতানিতে আয় বেড়েছে ৪ শতাংশ**

পাট ও পাটজাত পণ্য রফতানিতে আয় বেড়েছে ৪ শতাংশ। ২০১৬-১৭ অর্থবছরে এ খাত থেকে মোট আয় হয়েছে ৯৬ কোটি ২৪ লাখ ২০ হাজার মার্কিন ডলার, যা এর আগের অর্থবছরের (২০১৫-১৬) তুলনায় ৪ দশমিক ৬৬ শতাংশ বেশি। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) সর্বশেষ প্রতিবেদন অনুসারে, বাংলাদেশ ২০১৫-১৬ অর্থবছরে পাট ও পাটজাত দ্রব্য রফতানি করে মোট ৯১ কোটি ৯৫ লাখ ৮০ হাজার মার্কিন ডলার আয় করেছিল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৮,ক.৫), **সংবাদ** (পৃ,১৪.ক.৪)।

**৯। নির্দিষ্ট খাতের গুটিকয়েক মানুষকে ঋণ দেওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে ব্যাংকগুলোকে গভর্নরের নির্দেশ**

নির্দিষ্ট খাতের গুটিকয়েক মানুষকে ঋণ দেওয়ার সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে সব বাণিজ্যিক ব্যাংককে নির্দেশ দিয়েছেন বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির। গতকাল ৩১ জুলাই সোমবার বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ের জাহাঙ্গীর আলম কনফারেন্স হলে আয়োজিত 'ফিন্যান্সিয়াল ইস্ট্যাবলিটি রিপোর্ট-২০১৬' প্রকাশ অনুষ্ঠানে তিনি এ নির্দেশ দেন। ফজলে কবির বলেন, খেলাপি সংস্কৃতি থেকে আমাদের বেরিয়ে আসতে হবে। এজন্য বড় অঙ্কের ঋণ দেওয়া থেকে সরে এসে ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ঋণ দিতে হবে। ঋণ দেওয়ার আগেই দেখতে হবে তারা ঋণ ফেরত দেওয়ার উপযোগী কিনা। এজন্য গুণগত মানের ঋণ বিতরণের পরামর্শ দেন তিনি। সূত্র-**ইনকিলাব** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬) ।

**১০। আজ থেকে ২৪ ঘন্টা খোলা বেনাপোল বন্দর**

আজ ১ আগস্ট মঙ্গলবার থেকে বেনাপোল স্থলবন্দর রাতদিন ২৪ ঘন্টা খোলা থাকবে। বাংলাদেশ ও ভারতের বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বের বৈঠকের সিদ্ধান্ত অনুযায়ী বেনাপোল ও পেট্রাপোল সীমান্ত দিয়ে ২৪ ঘন্টা চালু হতে চলেছে আন্তর্জাতিক আমদানি-রফতানি বাণিজ্য। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

**১১। বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ শুরু আজ**

'মাতৃদুগ্ধ পান টেকসই করতে আসুন ঐক্যবদ্ধ হই' প্রতিপাদ্য সামনে রেখে আজ থেকে শুরু হচ্ছে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ। আজ ১ আগস্ট মঙ্গলবার থেকে আগামী সোমবার পর্যন্ত এ সপ্তাহ পালন করা হবে। বিশ্বের অন্যান্য দেশের মতো ১৯৯২ সাল থেকে বাংলাদেশেও বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ পালন করা হচ্ছে। এ উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। আজ রাজধানীর ওসমানী স্মৃতি

মিলনায়তনে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম এ সপ্তাহের উদ্বোধন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** ২০৩০ সালের আগেই বাংলাদেশের শতভাগ মানুষের নিরাপদ পানি নিশ্চিতকরণের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগের সফলতা কামনা।

খ. **যাযযায়দিন :** দেশের সামগ্রিক সমৃদ্ধি অর্জনের জন্য রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জনে যথাযথ উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** ঢাকা ওয়াসা পানির দাম বাড়ানোর কথা উল্লেখ করে মূল্যবৃদ্ধির সাথে সাথে পরিসেবার মানও যাতে বাড়ে এব্যাপারে নজর দেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** ঢাকার চামড়া শিল্পনগরী হাজারীবাগ থেকে সাভারে স্থানান্তর করা হলেও সেখানে কঠিন ও তরল বর্জ্য শোধন ব্যবস্থা চালু না হওয়ায় পরিবেশ দূষণ রোধে অবিলম্বে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের মোট ভূমির ৭০ শতাংশ ও মোট জনসংখ্যার ৮০ শতাংশ ভূমিকম্পের আওতায় থাকার খবরে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউজ টুডে :** এমডিজির লক্ষ্যমাত্রা অর্জনে সব সরকারি প্রতিষ্ঠানে ই-গভর্ন্যান্স চালুর কোনো বিকল্প নেই বলে অভিমত প্রকাশ।

জ. **নিউ এজ :** রাজধানীর ৬৯২টি শাখা ব্যাংক অফিস আগুনের 'উচ্চ ঝুঁকিতে' ও অবশিষ্টগুলোর ৬৮ শতাংশ ঝুঁকিতে থাকার পরিপ্রেক্ষিতে ব্যাংকসহ সকল সরকারি-বেসরকারি স্থাপনার ফায়ার সার্ভিস অ্যারেঞ্জম্যান্ট পুনরায় পরীক্ষা করে যথোপযুক্ত করে গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, দেশের মানুষের জন্য প্রয়োজন অনুযায়ী কর্মসংস্থান সৃষ্টি করে মানবপাচার রোধ করতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'মূল্যবোধের অবক্ষয় কেন ঘটছে'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সমাজে মূল্যবোধ প্রতিষ্ঠা করতে হলে পরিবারের ভেতর ধর্মীয় অনুশাসন অপরিহার্য।

#

শুকলা/মরজিনা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা